

# আইভারমেক্টিন - কোভিড যুদ্ধে অকীর্তিত নায়ক।

**কোভিড-১৯ -এর জন্য ঘটে যাওয়া মৃত্যু ও প্রাণসংশয় আমাদের কোণঠাসা করে দিয়েছে, জীবন ও জীবিকা'র মধ্যে থাকা ভারসাম্য তছনছ করে দিয়েছে। যদিও এখনো অবধি অল্প সংখ্যক চিকিৎসা পদ্ধতি ছাড়া বিশ্বের স্বাস্থ্য কর্তৃপক্ষ-রা আমাদের দিশা দেখাতে পারেনি যাতে কোভিড-১৯ এর কারণে ঘটে যাওয়া মৃত্যু সংখ্যায় বা হাসপাতালে ভর্তি হওয়ার সংখ্যায় রাশ টানা যায়।**



এই কঠিন পরিস্থিতি তে দাঁড়িয়ে অনেক ডাক্তার আইভারমেক্টিন নামক একটি ওষুধ দিয়ে কোভিড-১৯ আক্রান্ত ব্যক্তি দের সফলতার সাথে সাড়িয়ে তুলছেন।

চেক প্রজাতন্ত্র, বলিভিয়া, হন্ডুরাস, পেরু, স্লোভাকিয়া, দক্ষিণ আফ্রিকা, জিম্বাবোয়ে, ইত্যাদি দেশে বিগত এক বছর ধরে কোভিড-১৯ এর বিরুদ্ধে প্রতিরোধ ক্ষমতা গড়ে তুলে ও সেটার চিকিৎসা করতে আইভারমেক্টিন প্রয়োগ করা হয়েছে। এই প্রয়োগ স্বরুপ পাওয়া প্রমাণের ভিত্তি তে ডাক্তার ও বিজ্ঞানী-রা বিশ্বব্যাপী আইভারমেক্টিন এর প্রয়োগের পক্ষে সওয়াল তুলছেন।

## আইভারমেক্টিন কি?




আইভারমেক্টিন একটা ওষুধ যেটা চল্লিশ বছর ধরে পরজীবী সংক্রমণের চিকিৎসা করতে প্রাপ্তবয়স্ক ও শিশু দের ওপর প্রয়োগ করা হয়েছে। এটার অ্যান্টিভাইরাল ও অ্যান্টি-ইনফ্লেমেটোরি গুনের জন্য এটা কে নিরাপদ ও কার্যকর ওষুধ হিসেবে গ্রাহ্য করা হয়। এতকাল যাবৎ সাড়ে তিন বিলিয়ন ডোজ্ মানব দেহে প্রয়োগ করা হয়েছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থা (হু) এর 'মডেল লিস্ট অফ এসেনশিয়াল মেডিসিন' এ এই ওষুধের উল্লেখ আছে। ২০১৫ সালে এই ওষুধের আবিষ্কারক দের নোবেল উপাধি প্রদান করা হয়।

২০২০ সালের ডিসেম্বর মাসে বাথ নিবাসী গবেষক ও ডাক্তার টেস লরি (যিনি 'এভিডেন্স বেসড় মেডিসিন কনসালটেন্সি' পরিচালনা করেন) আইভারমেক্টিন নিয়ে উৎসাহ প্রকাশ করেন। তার এই উৎসাহের পেছনে ছিলো ডঃ পিয়ের কোরি'র মার্কিন সেনেটর দের কাছে করা আবেদন, যেখানে তিনি তাদের কোভিড-১৯ এর চিকিৎসায় আইভারমেক্টিন ব্যাবহারের অনুমোদনের জন্য অনুরোধ করছেন। ডঃ কোরি'র গবেষণা পত্র পর্যালোচনা করার পর ডঃ লরি ও তার অভিজ্ঞ সতীর্থরা সেই প্রমাণ স্বরুপ গবেষণা ব্রিটেন সহ সারা পৃথিবী তে ছড়িয়ে দেন।



ডাক্তার টেস লরি

## আইভারমেক্টিন ছবিটা বদলে দিতে পারে।

'এভিডেন্স বেসড় মেডিসিন কনসালটেন্সি' দলের প্রমাণ স্বরুপ গবেষণাপত্র ইঙ্গিত করে যে কোভিড-১৯ এর চিকিৎসায় আইভারমেক্টিন নেওয়া ব্যক্তিরা তা না গ্রহণ করা ব্যক্তিদের মৃত্যুর নিরিখে ৭০% বেশি নিরাপদ। যার সহজ মানে দাঁড়ায় – যে হাসপাতালে ১০০ জনের মধ্যে ৯ জনের মধ্যে মৃত্যু হচ্ছিলো কোভিড-১৯ এর কারণে, আইভারমেক্টিন সেই সংখ্যা ৩ এ নামিয়ে আনতে পারে। গবেষণাপত্র এটাও ইঙ্গিত করে যে আইভারমেক্টিন গ্রহণ করলে কোভিড-১৯ এর দরুন শারীরিক অবনতি হওয়ার আশঙ্কা অনেকটাই কমে যায়।

**...আইভারমেক্টিন নেওয়া ব্যক্তিরা তা না গ্রহণ করা ব্যক্তিদের মৃত্যুর নিরিখে ৭০% বেশি নিরাপদ।**

**আমাদের প্রচারকার্যে সামিল হন।** bird-group.org

# আইভারমেক্টিন – কোভিড যুদ্ধে অকীর্তিত নায়ক।



গবেষক-রা প্রমাণ স্বরুপ এই সিদ্ধান্তে পৌঁছেছেন যে স্বাস্থ্য কর্মী ও কোভিড-১৯ দ্বারা আক্রান্ত হওয়া মানুষের ওপর আইভারমেক্টিন প্রয়োগ অত্যন্ত কার্যকরী। গবেষণা ইঙ্গিত করে যে এই দুটি দলের মধ্যে যারা পরেন, যাদের সংক্রমিত হওয়ার সম্ভাবনা সবচেয়ে বেশি, তাদের মধ্যে প্রতি ৫ জনে ৪ জনের সংক্রমিত হওয়ার সম্ভাবনা কমিয়ে ফেলতে পারে।


২০২১ সালের ফেব্রুআরি মাসে ডঃ লরি এই প্রমাণ স্বরুপ গবেষণাপত্র এক দল স্বাস্থ্য আধিকারিক দের কাছে পেশ করেন। অতঃপর ৬৫ জনের 'বার্ড' প্যানেল কোভিড-১৯ এর চিকিৎসায় দ্রুততার সাথে আইভারমেক্টিন প্রয়োগের পক্ষে মতামত জানায়। ডঃ লরি'র দল তৎক্ষণাৎ 'বার্ড' প্যানেল এর এই মতামত ব্রিটেন এর রাষ্ট্রীয় সিদ্ধান্তকারী মহলে জানায়। আবেদন পৌঁছয় 'পাব্লিক হেলথ্ ইংল্যান্ড', 'দা ন্যাশানাল ইন্সিটিউট ফর হেলথ্ অ্যান্ড কেয়ার এক্সেলেন্স', 'দা মেডিসিন্স অ্যান্ড হেলথ্কেয়ার প্রোডাক্টস্ রেগুলেটরি এজেন্সি' ও অন্যান্য আন্তর্জাতিক নিয়ন্ত্রক সংস্থায়।

## তাহলে ব্রিটেন এ আইভারমেক্টিন প্রয়োগ বাধার সম্মুখীন হচ্ছে কেনো?

এই প্রশ্নের উত্তর জটিল এবং কয়েকটা অস্বস্তিকর সত্যের সামনে এনে আমাদের দাড় করাবে, প্রসঙ্গত যেভাবে এই অতিমারি রোধ করার জন্য পদক্ষেপ নেওয়া হয়েছে জাতীয় ও আন্তর্জাতিক স্তরে। তবুও 'বার্ড' এই অযাচিত বাধা অতিক্রম করে বদল আনতে দৃঢ়প্রতিজ্ঞ।

## আমরা আপনাদের সমর্থন চাই!

কোভিড-১৯ –এর চিকিৎসায় আইভারমেক্টিন প্রয়োগের সাফল্য সংক্রান্ত সঠিক তথ্য তুলে ধরাই 'বার্ড' এর লক্ষ্য। তার প্রধান কারণ একটা কার্যকরী ওষুধ ব্যাবহার করতে পারা আপনার মৌলিক অধিকার। সামাজিক ভাবে আইভারমেক্টিন নিয়ে কথা বলে, ডাক্তার দের সাথে আলোচনা করে, আপনার নির্বাচন কেন্দ্রের এম. পি. 'র কাছে বিষয়-টা তুলে ধরে ও সেটা কে নিয়ে চর্চা করে আপনি আমাদের এই লড়াইয়ে সাহায্যের হাত বাড়িয়ে দিতে পারেন।




bird-group.org – আমাদের ওয়েবসাইট –এ সমস্ত প্রমাণ স্বরুপ গবেষণা তুলে ধরা আছে। সেখানে আমাদের 'মেইলিং লিস্ট' –এ সংযুক্ত হন।

এই জরুরী তথ্যাদি প্রসার করতে আমাদের সাহায্য করুন।

এই প্রচারপত্র ছড়িয়ে দিন! আমাদের ওয়েবসাইট থেকে ডাউনলোড করুন।

**ধন্যবাদান্তে, 'বার্ড'।**

## আমাদের প্রচারকার্যে সামিল হন।

**bird-group.org**

**দায়-অস্বীকৃতি:** এই প্রচারপত্রে চিকিৎসাবিদ্যা, চিকিত্সা পরামর্শ বা কোনও ধরণের রোগ নির্ণয় বা চিকিত্সা সরবরাহ বিষয়ক কোনো রকমের পরামর্শ দেওয়া নেই। যেকোনো চিকিৎসাবিদ্যা বিষয়ক সিদ্ধান্ত একান্তই আপনার বা আপনার ডাক্তার –এর। আপনি বা আপনার ডাক্তার 'বার্ড' এর দ্বারা প্রকাশিত তথ্যাদির ও রুগীর চিকিৎসা বিষয়ক ইতিহাস এবং অবস্থার জ্ঞান বিবেচনা করতে পারেন কোনোরকম সিদ্ধান্তে পৌঁছনোর আগে। 'বার্ড' দ্বারা প্রকাশিত তথ্যাদি পেশাদার স্বাস্থ্য কর্মী বা চিকিৎসক-দের বিবেচনার জন্য তুলে ধরা এবং সাধারণ তথ্যের প্রচার করার জন্য দেওয়া হয়, জনসাধারণ কে চিকিৎসাবিদ্যা বিষয়ক পরামর্শ দেওয়ার জন্য নয়।

BIRD
British *Ivermectin* Recommendation Development